

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯৭

১/ বিবিধ

আরবী

إن في الجنة لعمداً من ياقوته، عليها غرف من زبرجد، تبص كما يبص الكواكب
الدري، قلنا: من يسكنها؟ قال: المتحابون في الله عز وجل، والمتلاقون في الله،
والمتبازلون في الله، أو كلمة نحوها
ضعيف

رواه الحسين المروزي في زوائد " الزهد " لابن المبارك (2 / 120) من " الكواكب "
575 رقم 1481 ط) والبزار (3592 - الكشف) وتمام في " الفوائد " (1 / 74 - 2)
عن محمد بن أبي حميد عن موسى ابن وردان عن أبي هريرة مرفوعاً. قلت: وهذا
إسناد ضعيف من أجل ابن أبي حميد هذا، قال الحافظ في " التقريب ": " ضعيف ".
وكذا قال شيخه الهيثمي في " المجمع " (10 / 278) وقد عزاه للبزار. وأشار المنذري
في " الترغيب " (4 / 49) إلى أن الحديث ضعيف

وعزاه في " المشكاة " (5026) للبيهقي في " شعب الإيمان "، وكذا السيوطي في "
الجامع " قال: " وابن أبي الدنيا في (كتاب الإخوان) ". ورواه ليث عن موسى بن
وردان به قال ابن أبي حاتم في " العلل " (2 / 132) عن أبيه: " لا أعلم روى ليث عن
موسى بن وردان، وهذا وهم، وهذا الحديث يرويه محمد بن أبي حميد عن موسى بن
وردان، لا أعلم رواه غيره

১৮৯৭। জান্নাতে ইয়াকূতের এক স্তম্ভ (টোওয়ার) রয়েছে যার উপরে যাবারযাদের তৈরি ঘরসমূহ রয়েছে। তা আলো ছড়ায় যেভাবে আলোকিত গ্রহ আলো ছড়ায়। আমরা বললামঃ কে তাতে বসবাস করবে? তিনি বলেনঃ আল্লাহ্ তা'আলার ওয়াস্তে যারা পরস্পরকে ভালোবাসবে তারা, আল্লাহ্ তা'আলার ওয়াস্তে যারা পরস্পরের সাথে মিলিত হবে তারা, আল্লাহ্ তা'আলার ওয়াস্তে যারা পরস্পরকে সম্মান দেখাবে তারা। অথবা তিনি অনুরূপ ভাষা ব্যবহার করেন।

হাদীসটি দুর্বল।

এটিকে হুসাইন মারওয়ামী ইবনুল মুবারাকের “যাওয়াইদুয যুহদ” গ্রন্থে (২/১২০), বাযযার (৩৫৯২) ও তাম্মাম “আলফাওয়াইদ” গ্রন্থে (৭৪/১/২) মুহাম্মাদ ইবনু আবু হুমায়েদ হতে, তিনি মুসা ইবনু অরদান হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি ইবনু আবু হুমায়েদের কারণে দুর্বল। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল। তার শাইখ হাইসামী “আলমাজমা” গ্রন্থে (১০/২৭৮) অনুরূপ কথাই বলেছেন এবং তিনি বাযযারের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। মুনযেরী “আততারগীব” গ্রন্থে (৪/৯৪) হাদীসটির দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন।

“মিশকাত” গ্রন্থে (৫০২৬) বাইহাকীর “শুয়াবুল ঈমান” গ্রন্থের উদ্ধৃতিতে হাদীসটি উল্লেখ করা হয়েছে। অনুরূপভাবে সুযূতী “আলজামে” গ্রন্থে তাই করেছেন এবং বলেছেনঃ হাদীসটিকে ইবনু আবিদ দুনিয়া “কিতাবুল ইখওয়ান” গ্রন্থে লাইস হতে, তিনি মুসা ইবনু অরদান হতে বর্ণনা করেছেন।

ইবনু আবী হাতিম “আলইলাল” গ্রন্থে (২/১৩২) তার পিতার উদ্ধৃতিতে বলেনঃ আমি জানি না যে, মুসা ইবনু অরদান হতে লাইস বর্ণনা করেছেন। এটি ধারণা মাত্র। কারণ এ হাদীসটিকে মুসা ইবনু অরদান হতে মুহাম্মাদ ইবনু আবু হুমায়েদ বর্ণনা করেছেন। তিনি ছাড়া অন্য কেউ তার থেকে বর্ণনা করেছেন বলে জানি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72780>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন